মেহেরপুরে ৩ দিন ব্যাপি স্থানীয় সরকার দিবস-২০২৩ উদ্বোধন

“সেবা ও উন্নতির দক্ষ রুপকার উন্নয়নে-উদ্ভাবনে স্থানীয় সরকার”এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে জাতীয় স্থানীয় সরকার দিবস-২০২৩ উৎযাপিত হয়েছে।

রোববার (১৭ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১১টায় উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের আয়োজনে জেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদের সামনে এসে শেষ হয়।

পরে জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে আয়োজিত ৩ দিনব্যাপী উন্নয়ন মেলার উদ্বোধন ঘোষণা করা হয়। মেহেরপুর জেলা প্রশাসক মোঃ শামিম হাসানের সভাপতিত্বে মেলার উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

এ সময় মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলামসহ বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ, সাংবাদিকবৃন্দ, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।